শিশুদের জন্য

রকিবউল্লাহ সজীব

Idrís
Ádam
Núh
Húd
Ayyúb
Shu'aib
Yúsuf
Ya'qūb
Zakariyya
Sáleh
Yahya
Lút
Ibráhím
Ismá'íl
Isháq

আমরা তোমাকে নিয়ে যাবো
এক ভ্রমণে,

যেখানে তুমি জানতে পারবে
এই দুনিয়ায় বাস করা
সেরা মানুষদের সম্পর্কে।

যাদেরকে আল্লাহ
এই দুনিয়াতে পাঠিয়েছিলেন।

কিন্তু

কি কারণে

আল্লাহ তাদেরকে এই
দুনিয়ায় পাঠালেন?
কাদের জন্য পাঠালেন?

ছিলনা কিছুই আল্লাহ ছাড়া,
থাকবেওনা কিছু আল্লাহ ছাড়া।

না ছিল কোন সূর্য, না ছিল কোন চন্দ্র,
না ছিল আকাশ, না ছিল বাতাস,
না জিন , না ইনসান,
না জমিন, না আসমান।

তবে কি করে এলো প্রথম প্রাণ ?

"হও"
সব দৃশ্য - অদৃশ্য এভাবেই তৈরি হয়ে যায়
আল্লাহর হুকুমে।
আল্লাহ তৈরি করলেন
কলম, ফেরেশতা, জিন
এবং আরও অনেক কিছু।

আল্লাহ মানুষকে সৃষ্টি করলেন মাটি থেকে,
এবং তার নাম রাখলেন আদম।
তিনিই ছিলেন প্রথম মানুষ,
আর প্রথম নবীও।

আদমকে সৃষ্টির পর

আল্লাহর হুকুমে

সবাই আদমকে সিজদাহ করল

ইবলিস ছাড়া,

সে ছিল জিনদের একজন।

ইবলিস বললঃ

আমি তার চাইতে শ্রেষ্ঠ।

আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছেন

আর তাকে সৃষ্টি করেছেন মাটি থেকে।

এই অহংকার তাকে লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত করে দিল।

সে ক্ষমা তো চাইলইনা বরং কিয়ামত পর্যন্ত মানুষকে বিভ্রান্ত করার শপথ নিল।

এরপর
আল্লাহ আদমের জন্য সৃষ্টি করলেন সঙ্গী,
কিন্তু কিভাবে তা কি তুমি জানো ?
আল্লাহ হাওয়াকে সৃষ্টি করলেন
তারই বাম পাঁজরের হাড় থেকে
আর তাদেরকে থাকতে দিলেন জান্নাতে
কতই না উত্তম থাকার জায়গা এই জান্নাত ?
তারা সেখানে আরামে বসবাস করছিল।

জান্নাতে ছিল একটি গাছ।

আদমকে আল্লাহ হুকুম দিল-

"এ গাছের নিকটবর্তী হয়ো না।
নয়ত তোমরা জালিমদের অন্তর্ভূক্ত হয়ে পড়বে।""

(সূরা আল বাকারাহঃ ৩৫)

কিন্তু মানুষের চিরশত্রু শয়তান
তাদেরকে ধোঁকায় ফেলে দিল।
সে কসম খেয়ে বললঃ
আমি তো তোমাদের শুভাকাঙ্ক্ষী।
আল্লাহ তোমাদেরকে
এই গাছ থেকে নিষেধ করেছেন
যাতে তোমরা ফেরেশতা হয়ে না যাও
অথবা অমর হয়ে না যাও।
(সূরা আল আরাফঃ ২০-২১)

তারা শয়তানের প্ররোচণায়

সেই গাছ থেকে খেয়ে ফেলল

তাদের এই কাজ আল্লাহ কে অসন্তুষ্ট করল

আল্লাহ তাদেরকে জান্নাত থেকে বের করে দিলেন

এবং পৃথিবীতে নামিয়ে দিলেন

তারা তাদের ভুল বুঝতে পারল
এবং আল্লাহর কাছে ক্ষমা চাইল।

ক্ষমাশীল আল্লাহ তাদেরকে ক্ষমা করে দিলেন।

আমরা সবাই আদম আর হাওয়া থেকেই এসেছি।
আমরা তাদেরই সন্তান।

শয়তান সবসময়ই মানুষকে
আল্লাহর পথ থেকে দূরে রাখতে চায়।

তাই আল্লাহ বিভিন্ন সময়ে নবীদের পাঠিয়েছেন
যাতে তারা মানুষকে সঠিক পথ দেখাতে পারে।

"শুধুমাত্র আল্লাহর ইবাদত করো,
শিরক করোনা
এমন কাজ করো যাতে আল্লাহ সন্তুষ্ট হয়,
আল্লাহকে অসন্তুষ্ট করোনা"-

এগুলোই ছিল সকল নবীদের মূলকথা।

মনের কথা

তোমরা আদম (আঃ) এর কাহিনী পড়ে কি বুঝতে পারলে তা নিচে সুন্দর ভাবে লিখে ফেলোঃ